ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার,ঢাকা-১২১৫
web-www.sfdf.org.bd

## সংযুক্ত নিয়োগ ও প্যানেলভুক্তি বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাভূক্ত ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)-এর (ক) নিম্নবর্ণিত নিয়মিত পদে এবং (খ) 'দারিদ্র বিমোচনে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন-এর কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প'-এর নিম্নবর্ণিত পদসমূহে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য (প্রকল্প শেষে কর্মমূল্যায়নের ভিত্তিতে সংশ্লিষ্টদের ফাউন্ডেশনের নিয়মিত পদে আত্মীকরণের সুযোগ রয়েছে) সংযুক্ত নিয়োগদান ও প্যানেল তৈরির জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে পদের বিপরীতে চাহিদাকৃত নিম্নবর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ফাউন্ডেশনের ও প্রকল্প পদে আবেদন করার জন্য বিস্তারিত বিবরণ, পদের নাম ও পদের সংখ্যা নিম্নে প্রদান করা হলো ঃ

ক। ফাউন্ডেশনের নিয়মিত পদ ঃ

| পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়সসীমা |
|---|---|---|---|
| ১। সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি, হার্ডওয়ার মেইনটেনেন্স ও রিসার্চ/ আইসিটি, সফটওয়ার ও ডকুমেন্টেশন) | ০২ | ১৮৫০০-৮০০X১৪-২৯৭০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা/ফলিত পদার্থবিদ্যা/ গণিত/পরিসংখ্যান/কমার্স/সমাজ বিজ্ঞান/ব্যবসা প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা কম্পিউটার সাইন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রিক এন্ড ইলেক্ট্রোনিকস্ ইঞ্জিনিয়ারিং/ হার্ডওয়ার এন্ড মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারিং/সফটওয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে দ্বিতীয় শ্রেণীর ডিগ্রি। অভিজ্ঞতা সম্পন্ন এবং স্বীকৃত কোন কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্যকে অগ্রাধিকার প্রদান করা হবে। বয়সসীমা সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বছর। |
| ২। ব্যবস্থাপক (আইসিটি, রক্ষণাবেক্ষণ ও গবেষণা/আইসিটি ও ডকুমেন্টেশন) | ০২ | ১২০০০-৬০০X১৬-২১৬০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা/ফলিত পদার্থবিদ্যা/ গণিত/পরিসংখ্যান/কমার্স/সমাজ বিজ্ঞান/ব্যবসা প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা কম্পিউটার সাইন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রিক এন্ড ইলেক্ট্রোনিকস্ ইঞ্জিনিয়ারিং/ হার্ডওয়ার এন্ড মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারিং/সফটওয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে দ্বিতীয় শ্রেণীর ডিগ্রী। অভিজ্ঞতা সম্পন্ন এবং স্বীকৃত কোন কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্যকে অগ্রাধিকার প্রদান করা হবে। বয়সসীমা সর্বোচ্চ ৩৭ (সাইত্রিশ) বছর। |
| ৩। সহকারী ব্যবস্থাপক (আইসিটি, রক্ষণাবেক্ষণ ও গবেষণা/আইসিটি ও ডকুমেন্টেশন) | ০২ | ৮০০০-৪৫০X৭-১১১৫০-ইবি-৪৯০X১১-১৬৫৪০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার বিজ্ঞান সম্পর্কিত বিষয়ে ডিপ্লোমা/সার্টিফিকেট অথবা কম্পিউটার বিজ্ঞান এবং কম্পিউটার হার্ডওয়ার ও কম্পিউটার সফটওয়ার বিষয়ে ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। বয়সসীমা সর্বোচ্চ ৩৭ (সাইত্রিশ) বছর। |

খ। প্রকল্প পদ ঃ

| পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড/সাকুল্যে বেতন | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়সসীমা |
|---|---|---|---|
| ১। অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২ | বেতন গ্রেড-১৩ সাকুল্যে বেতন টাঃ-৯,৬৫০/- | ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। এমএসওয়ার্ড, এমএস এক্সেল, ফক্সপ্রো ও বাংলা সফটওয়ারে কম্পিউটার পরিচালনায় ভাল দক্ষতা থাকতে হবে। বয়স সীমা সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |

চলমান পাতা-২

| পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড/সাকুল্যে বেতন | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়সসীমা |
|---|---|---|---|
| ২। ড্রাইভার | ০১ | বেতন গ্রেড-১৪ সাকুল্যে বেতন টাঃ-৯,৩৫০/- | কোন শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন স্কুল হতে ন্যূনতম অষ্টম শ্রেণী পাস। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স সীমা সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |

শর্তাবলি ঃ

০১। প্রার্থীগণকে (ক) নাম (স্পষ্ট অক্ষরে), (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা (Mailing Address), (চ) জন্ম তারিখ, (ছ) বয়স (১৮-১১-২০১৪তারিখে), (জ) জাতীয়তা, (ঝ) বৈবাহিক অবস্থা, (ঞ) ধর্ম (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে), (ড) মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক A4 সাইজের সাদা কাগজে আবেদন করতে হবে।

০২। দরখাস্তের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি; (খ) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি; (গ) স্থায়ী ঠিকানার সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা কাউন্সিলর/সিটি কর্পোরেটশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি; (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; (ঙ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্যক্ষেত্রে); (চ) প্রথম শ্রেণীর কর্মকর্তার প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

০৩। দরখাস্তের সাথে (ক) এর ০১-০২নং ক্রমিকের প্রার্থীদের ৫০০/- (পাঁচশত) টাকা, (ক) এর ০৩নং ক্রমিকের প্রার্থীদেরকে ৪০০/- (চারশত) টাকা এবং (খ) এর ০১ ও ০২নং ক্রমিকে বর্ণিত প্রার্থীদের ২০০/- (দুইশত) টাকা অফেরৎযোগ্য ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে সোনালী ব্যাংক লিমিটেড, কাওরান বাজার শাখা, ঢাকার অনুকূলে দাখিল করতে হবে। প্রকল্প পদের জন্য প্রকল্প পরিচালক 'দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন-এর কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প'-এর নামে এবং ফাউন্ডেশনের নিয়মিত পদের জন্য ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন-এর নামে অফেরৎযোগ্য ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার প্রেরণ করতে হবে।

০৪। প্রার্থীদেরকে ১৮-১১-২০১৪ তারিখের মধ্যে অফিস চলাকালে ক-এর-১-৩নং পদের জন্য ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, পল্লী ভবন (৭ম তলা), ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবরে এবং প্রকল্প পদ খ-এর ১ ও ২নং পদের জন্য প্রকল্প পরিচালক, 'দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প', ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, পল্লী ভবন (৭ম তলা), ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবরে দরখাস্ত রেজিষ্টার্ড ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌছাতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে দরখাস্ত প্রেরণ করতে হবে।

০৫। প্রার্থীকে খামের উপর সুস্পষ্টভাবে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে এবং যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক সে ঠিকানা (Mailing Address) সম্বলিত ৯´´× ৪´´ মাপের একটি ফেরৎ খাম আবেদনপত্রের সাথে অবশ্যই সংযোজন করতে হবে।

০৬। প্রাপ্ত দরখাস্তসমূহ বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার স্থান, সময় ও তারিখ যথাসময়ে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০৭। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত সময়ের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

০৮। উপজাতীয় প্রার্থীগণকে আবেদনপত্রের শিরোনামে "উপজাতীয় প্রার্থী" এবং খামের অবশ্যই 'উপজাতীয়' কথাটি উল্লেখ করতে হবে।

০৯। নিয়োগকালে বিজ্ঞাপিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি যে কোন শর্ত পরিবর্তন, পরিমার্জন বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬/১০/১৪

(আবুল হাসেম মোঃ আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক